গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, মোংলা
mch.portal.gov.bd

নথি নং-এস/০৩/আম:/মোংলা/বিবিধ/১৪-১৫ (অংশ-৪)/৫২৫৫

জি.ই.পি/ই-মেইল/
দাপ্তরিক ওয়েবসাইট যোগে
তারিখ: 28 SEP 2026

সার্ভেয়ার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগিতর জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস হাউস, মোংলা বন্দরে আগত বাল্ক কার্গোবাহী জাহাজের Load Draft Survey and Light Draft Survey সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে Individual Surveyor/Surveyor Company কে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে তালিকাভুক্ত করা হবে:

১. TIN CERTIFICATE;
২. BIN CERTIFICATE;
৩. DG, SHIPPING এর LICENSE (কমপক্ষে ০২ জন বৈধ সার্ভেয়ার থাকতে হবে);
৪. বৈধ ও নবায়নকৃত মিউনিসিপ্যালিটি ট্রেড লাইসেন্স থাকতে হবে;
৫. চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ এর সদস্যপদের সনদপত্র থাকতে হবে;
৬. সার্ভে ফার্মটি অন্য কোন সরকারী/আধাসরকারী প্রতিষ্ঠান কর্তৃক কালো তালিকাভুক্ত নয় এমন হতে হবে;
৭. সার্ভে প্রতিষ্ঠানটির জাহাজে আনীত বাল্ক পণ্য (অপরিশোধিত সয়াবিন অয়েল, অপরিশোধিত পাম অয়েল, পেট্রোলিয়াম, গ্যাস, গম, চাল, ডাল, কয়লা, ক্লিংকার, সার, পাথর, লবণ, চিনি, সিমেন্ট ইত্যাদি) সার্ভে বিষয়ে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে;
৮. মেরিন ও কার্গো সার্ভে করার জন্য বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (IDRA) হতে হালনাগাদ লাইসেন্স;
৯. ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি (Unconditional and Continuous Bank Guarantee) (ফেরতযোগ্য) (তালিকাভুক্তির জন্য মনোনীত হওয়ার পর)।

০২। আগ্রহী Individual Surveyor/Surveyor Company কে আগামী ১৫/১০/২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ (অভিজ্ঞতার প্রমাণাদি ও পূর্ণাঙ্গ বর্ণনাসহ) অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, মোংলা বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

০৩। মিথ্যা তথ্য, মিথ্যা সার্ভে প্রতিবেদন প্রদান, দায়িত্বহীনতা, অদক্ষতা বা অন্য কোন অভিযোগ পাওয়া গেলে কাস্টমস কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সার্ভে কোম্পানী বা সার্ভেয়ারের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ তালিকাভুক্তকরণ বাতিল করার একক ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪। কোন কারণে এ তালিকাভুক্তি কার্যক্রম বাতিল ঘোষিত হলে বা আবেদনকারী/আবেদনকারীরা তালিকাভুক্তির জন্য মনোনীত/নির্বাচিত না হলে উক্ত কার্যক্রমে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট Individual Surveyor/Surveyor Company কোনরূপ ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না।

০৫। উল্লেখ্য, সকল ক্ষেত্রে প্রি-অ্যারাইভাল প্রসেসিং বিধিমালা (পিএপি)-২০২৫ অনুসরণ করা হবে।

(এইচ এম শরিফুল হাসান)
অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস
ও সভাপতি,
লাইসেন্সিং কর্তৃপক্ষ, কাস্টমস হাউস, মোংলা।

1E:\IGM BRANCH\IGM Branch\সার্ভে নিয়োগ বিজ্ঞপ্তি.Docx

CamScanner